# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 07 May, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বিজয়-২৪ হলে মাদকবিরোধী অভিযান চালিয়ে তিনটি কক্ষ থেকে মাদকদ্রব্য উদ্ধার করেছে হল প্রশাসন। মঙ্গলবার (০৬ মে) দিবাগত রাত এগারোটার দিকে হল প্রাধ্যক্ষের নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

বিজয়-২৪ হলের প্রাধ্যক্ষ ড. মাহামুদুল হাসান খাঁন, আবাসিক শিক্ষক মোঃ গোলাম মাহমুদ পাভেল ও মোহাম্মদ ওমর ফারুক এই অভিযান পরিচালনা করেন।এসময় ৪০৫, ৫০৫ ও ৫১৬ নম্বর কক্ষে অভিযান পরিচালনা করে মাদকদ্রব্য উদ্ধার করে হল প্রশাসন।

পরবর্তীতে উক্ত রুমগুলোতে বসবাসকারী চার শিক্ষার্থীকে প্রাথমিকভাবে জড়িত থাকার বিষয়ে প্রমাণ পেয়েছেন বলে জানান প্রাধ্যক্ষ।চারজন হলেন- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ওয়াসিফুল ইসলাম সাদিফ, লোকপ্রশাসন বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আরিফ, ফার্মেসি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সাইফ হাসান জিদনী এবং প্রত্নতত্ত্ব বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী শাকিল খান।

হলের প্রাধ্যক্ষ ড. মাহামুদুল হাসান খাঁন বলেন, 'আমারা প্রতিদিনের মতো আজকেও রেইড দিয়ে ৪ জনকে মাদকদ্রব্যসহ পেয়েছি।তাদের বিরুদ্ধে আগামীকাল প্রক্টরিয়াল বডির কাছে লিখিত অভিযোগ দিব।পরবর্তীতে শৃঙ্খলা বোর্ডে এবিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।কবে অভিযুক্ত চারজন কোনভাবেই হলে থাকতে পারবে না।'

মাদকদ্রব্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:50

URL: https://www.timestodaybd.com/campus/5202392093